

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ১৯, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বন্ত্র ও পাট মন্ত্রণালয়

বেসরকারিকরণ ও বিরাষ্টায়করণ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ২৩ চৈত্র ১৪২৩/০৬ এপ্রিল ২০১৭

নং ২৪.০০.০০০০.২০২.১৮.১১৯.১২(২য় খণ্ড)-১৭৭—যেহেতু, Bangladesh Industrial Enterprises (Nationalisation) Order, 1972 (P.O.No-27 of 1972) এর দ্বিতীয় তফসিলভুক্ত ২০নং ক্রমিক-এ উল্লিখিত স্টগল স্টার টেক্সটাইল মিলস্ লিঃ, উত্তর কাটলী, চট্টগ্রাম অতঃপর উক্ত কোম্পানি বলে উল্লিখিত এর সকল শেয়ার ও অন্যান্য স্বত্ত্ব সরকারে ন্যস্ত ছিল, এবং

যেহেতু, ০১ জুন, ১৯৮৫ খ্রিঃ তারিখে শিল্প নীতির শর্তসমূহ প্রতিপালন করে সরকার উক্ত কোম্পানির সাথে সম্পাদিত বিপাক্ষিক ও বিটিএমসি এবং সংশ্লিষ্ট ব্যাংক ও সরকারের সাথে সম্পাদিত হস্তান্তর চুক্তিমূলে মিল এহীতাগণ মিলের বিপরীতে সরকার ও ব্যাংকের দায়-দেনা পরিশোধ না করে এবং মিল পরিচালনা না করে মিলটি বন্ধ রেখে চুক্তিপত্রের শর্ত ভঙ্গ করেছে, এবং

যেহেতু, বিরাষ্টায়ত্ত স্টগল স্টার টেক্সটাইল মিলস্ লিঃ, চট্টগ্রাম এর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সরকারের অনুমোদন গ্রহণ ব্যতীরেকে গোপনে মিলের ৬.৪৩ একর জমি বিক্রয় করেছে এবং ১.০০ একর জমি বিক্রয়ের চুক্তিবদ্ধ হয়ে লাভবান হয়েছে, এবং

যেহেতু, বন্ত্র ও পাট মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির ৭ তম বৈঠক কর্তৃক গঠিত ২নং সাব-কমিটি “মিলটি বন্ধ রাখায় হস্তান্তর চুক্তির (বিপক্ষীয় চুক্তি) শর্ত ২৫ অনুযায়ী সরকার এ বিষয়ে

(৩৭৯৭)

মূল্য : টাকা ৪.০০

Intervene করতে পারে। এ বিষয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামত গ্রহণপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে” মর্মে সুপারিশ করেছে, এবং

যেহেতু, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সরকার দ্বিপক্ষীয় চুক্তির বর্ণিত শর্তমতে মিলটির বিষয়ে যথাযথ সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারে মর্মে মতামত প্রদান করেছে;

সেহেতু, জনস্বার্থে Contract Act 1872 (IX of 1872) এর ৩৯নং ধারা অনুযায়ী ০১ জুন, ১৯৮৫ খ্রিঃ তারিখে সম্পাদিত মিল হস্তান্তর চুক্তিদ্বয় (দ্বিপক্ষীক ও ত্রিপক্ষীয়) বাতিল করা হল। এতদ্বারা স্টেগল স্টার টেক্সটাইল মিলস্ লিঃ, উত্তর কাটলী, চট্টগ্রামস্থ শিল্প কারখানাটিসহ উক্ত কোম্পানির যাবতীয় শেয়ার, অন্যান্য স্থাবর-অস্থাবর সম্পত্তি ও স্বত্ত্ব সরকার কর্তৃক অদ্য ০৬-০৪-২০১৭ খ্রিস্টাব্দ/২৩ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ তারিখে পুনঃগ্রহণ (Take Back) করা হলো এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত মিলটি ব্যবস্থাপনার নিমিত্ত এ মন্ত্রণালয়ের আওতাধীন রাষ্ট্রীয়ত্ব সংস্থা ‘বিটিএমসি’র নিয়ন্ত্রণে ন্যস্ত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

রীনা পারভীন
অতিরিক্ত সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরাম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd